

# যুগান্তর

তারিখ · 2-9 · MAY · 2015 · ..  
পৃষ্ঠা · ১৭ · কলাম · ৬ · ..

**স্বতন্ত্র স্কেলের দাবিতে ডুয়েট  
শিক্ষক সমিতির মানববন্ধন**

গাজীপুর প্রতিনিধি

বৈষম্যমূলক প্রস্তাবিত অষ্টম জাতীয় পে-স্কেল প্রত্যাখ্যান এবং স্বতন্ত্র পে-স্কেলের দাবিতে গাজীপুরে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) শিক্ষক সমিতি মানববন্ধন করেছে। বৃহস্পতিবার সকালে বিশ্ববিদ্যালয়ের মূল ফটকের সামনে এ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। ডুয়েট শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ আনাদুল্লামান চৌধুরীর সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন অধ্যাপক ড. গণেশ চন্দ্র সাহা, অধ্যাপক ড. জিনিয়া নাসরীন, ড. রেজাউল করিম, ড. রাজু আহমেদ, মো. মাজহারুল আলম প্রমুখ।